

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোনঃ +৮৮-২২২৬৬৬৮৮০১, +৮৮-২২২৬৬৬৮৮০৫

ওয়েবসাইটঃ www.bncu.gov.bd

ইমেইলঃ natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক. সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারকঃ ৩৭.১৮.০০০০.০০০.০০৯.৩০.০০০১.২৬-৯২

তারিখঃ ০১ মার্চ ২০২৬

## বিজ্ঞপ্তি


বিষয়ঃ ICESCO Chair হোস্ট করার নিমিত্ত প্রস্তাব/আবেদন আহ্বান সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইসেস্কোর ১৪তম সাধারণ সম্মেলনে (৮-৯ ডিসেম্বর ২০২১, কায়রো) গৃহীত রেজোলিউশন ৪.১ অনুযায়ী আইসেস্কো চেয়ার প্রোগ্রামের বিধিমালা অনুমোদিত হয়। ICESCO Chair একটি মর্যাদাপূর্ণ একাডেমিক প্ল্যাটফর্ম যা সদস্য রাষ্ট্রগুলোর সক্ষমতা বৃদ্ধি করবে, সাংস্কৃতিক শাসনকে শক্তিশালী করবে এবং আন্তর্জাতিক সহযোগিতা উন্নত করবে। ICESCO Chair কর্মসূচির উদ্দেশ্য হলো উৎকৃষ্ট একাডেমিক প্ল্যাটফর্মের মাধ্যমে সংস্থার বৈশ্বিক কার্যক্রম সম্প্রসারণে অবদান রাখা, উচ্চশিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা প্রতিষ্ঠানসমূহকে তাদের গবেষণা কর্মসূচি উন্নয়ন ও বৈশ্বিক জ্ঞান উৎপাদনের সঙ্গে সামঞ্জস্য রাখতে সহায়তা করা এবং আইসেস্কোর কর্মক্ষেত্র সংশ্লিষ্ট জ্ঞান ও সৃজনশীলতার বিভিন্ন ক্ষেত্রে গবেষণা ও উন্নয়নকে উৎসাহিত করা। বিশ্ববিদ্যালয়, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক ও সৃজনশীল প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট দেশের কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত উচ্চশিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা নেটওয়ার্ক উক্ত প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবেন।

২। বাংলাদেশ আইসেস্কোর সদস্য রাষ্ট্র হওয়ায় বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানসমূহকে এই মর্যাদাপূর্ণ চেয়ার হোস্ট করার জন্য আইসেস্কো হতে প্রস্তাব/আবেদন জমা দানের আহ্বান জানানো হয়েছে। বর্ণিত চেয়ার প্রোগ্রামের মাধ্যমে আন্তর্জাতিক আইন ও সাংস্কৃতিক সম্পত্তি সংরক্ষণ, সুরক্ষা ও উন্নয়ন সংক্রান্ত গবেষণা, শিক্ষা ও সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করা হবে। আবেদন/প্রস্তাব [legal.consult@icesco.org](mailto:legal.consult@icesco.org) -এই ইমেইলে জমা দেয়ার ডেডলাইন নিম্নরূপঃ

- ICESCO Chair in International Law and Cultural Property: 20 April 2026, at 16:00 (GMT)
- ICESCO Chair in Law, Intellectual Property, and Artificial Intelligence: 27 April 2026, at 16:00 (GMT)
- ICESCO Chair for Environmental Rights: 07 May 2026, at 16:00 (GMT)

২। এমতাবস্থায়, বর্ণিত আইসেস্কো চেয়ার প্রোগ্রামের আবেদন/প্রস্তাব জমা দানের জন্য সংশ্লিষ্ট আগ্রহী বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো।



মোছাঃ শামিমা সুলতানা

প্রোগ্রাম অফিসার (আইসেস্কো)

ই-মেইলঃ [po.icesco@bncu.gov.bd](mailto:po.icesco@bncu.gov.bd)

সংযুক্তিঃ

- ১। Letter from ICESCO for International Law and Cultural Property
- ২। Letter from ICESCO for Environmental Rights
- ৩। ICESCO Chairs Regulations with Application Form
- ৪। ICESCO chair for International Law and Cultural Property
- ৫। ICESCO chair for Environmental Rights
- ৬। Executive Council Decisions